ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১১৮
আগরতলা,১০ আগস্ট,২০২৬

**নয়াদিল্লিতে 'গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেস' (GeM)-এর দশম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে রাজ্যকে সম্মাননা প্রদান**




GeM-এর মাধ্যমে স্বচ্ছ সরকারি কেনাকাটা নিশ্চিত করার ক্ষেত্রে ত্রিপুরা সরকারের ধারাবাহিক প্রচেষ্টাকে স্বীকৃতি দিয়েছে কেন্দ্রীয় সরকার। আজ নয়াদিল্লির ভারত মণ্ডপমে 'গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেস' (GeM)-এর দশম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে রাজ্যকে সম্মানিত করা হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল, বাণিজ্য বিভাগের সচিব রাজেশ আগরওয়াল, ইলেকট্রনিক্স ও টেলিযোগাযোগ মন্ত্রকের সচিব এস. কৃষ্ণণ এবং GeM-এর সিইও মাহের কুমার। ত্রিপুরা সরকারের অর্থ দপ্তরের অতিরিক্ত সচিব ড. আকিঞ্চন সরকার এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন এবং রাজ্যের পক্ষ থেকে কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েলের কাছ থেকে সম্মাননা গ্রহণ করেন।

GeM প্ল্যাটফর্মের মাধ্যমে রাজ্যের ক্রমবর্ধমান কেনাকাটা এবং সরকারি কেনাকাটায় GeM-এর সুবিধাগুলো কাজে লাগানোর ক্ষেত্রে রাজ্যের ক্রেতাদের উৎসাহব্যঞ্জক প্রচেষ্টার স্বীকৃতিস্বরূপ ত্রিপুরাকে 'GeM সাসটেইন্ড অ্যাডপশন' (GeM-এর ধারাবাহিক ব্যবহার) বিভাগে পুরস্কৃত করা হয়েছে।

এই স্বীকৃতি স্বচ্ছ, দক্ষ ও প্রযুক্তি-নির্ভর সরকারি কেনাকাটা ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে ত্রিপুরার প্রতিশ্রুতি এবং রাজ্যের বিভিন্ন বিভাগ ও ক্রেতাদের মধ্যে GeM-এর ক্রমবর্ধমান ব্যবহারের প্রতিফলন।

ত্রিপুরা সরকার এই স্বীকৃতিকে সাধুবাদ জানায় এবং সরকারি কেনাকাটায় দক্ষতা, স্বচ্ছতা ও সর্বোত্তম মূল্য নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন সরকারি বিভাগে GeM-এর ব্যবহার আরও জোরদার করতে প্রতিশ্রুতিবদ্ধ।

এই সম্মাননা অনুষ্ঠানে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন ঊর্ধ্বতন কর্মকর্তা ও প্রতিনিধিগণ ছাড়াও সরকারি কেনাকাটা ও GeM ইকোসিস্টেমের সঙ্গে যুক্ত অন্যান্য অংশীজনেরা উপস্থিত ছিলেন।

*****